

যুগান্তর

ব্যবহারিক পরীক্ষায় না দিয়েও পাস দুর্ঘটনায় নিহত ছাত্র

👤 লালমোহন (ভোলা) প্রতিনিধি

🕒 ২৯ জুলাই ২০২৩, ১৭:২৩:১৯ | অনলাইন সংস্করণ



ভোলার লালমোহনে ৩ বিষয়ে ব্যবহারিক পরীক্ষা দিতে না পারলেও ফলাফলে পাস করেছে সড়ক দুর্ঘটনায় নিহত এক ছাত্র। লালমোহন সরকারি মডেল মাধ্যমিক বিদ্যালয়ের চলতি এসএসসি পরীক্ষার ফলাফলে এই ভৌতিক ফলাফল এসেছে।

৩ বিষয়ের ব্যবহারিক পরীক্ষা বাকী থাকতেই মোটরসাইকেল দুর্ঘটনায় প্রাণ হারায় মোহাম্মদ আহসানুল হক প্রভাত নামের ওই ছাত্র।

গত ২৯ মে পদার্থ বিজ্ঞান ও রসায়ন বিজ্ঞানের ব্যবহারিক পরীক্ষা দিয়ে প্রভাত বন্ধুদের নিয়ে ঘুরতে বের হয়। মোটরসাইকেল ভ্রমণে বের হয়ে চরফ্যাশন ঘুরে এসে সন্ধ্যার পর বাড়ি ফেরার পথে নিজ বাড়ি কিশোরগঞ্জ গ্রামের বটতলা এলাকায় পৌঁছলে বিপরীত দিক থেকে আসা ট্রলির ধাক্কায় নিহত হয় প্রভাত। ৩০ মে ও ৩১ মে প্রভাতের জীববিজ্ঞান, আইসিটি ও কৃষি শিক্ষার ব্যবহারিক পরীক্ষা বাকি ছিল। প্রভাতের বন্ধুরাও ৩০ মে সকালে প্রভাতের

🔔 [এই খবর এবং অন্যান্য খবর জানতে আমাদের ফেসবুক পেজটিতে ক্লিক করুন।](#) [ফেসবুক](#) [টুইটার](#) [ইউটিউব](#) [লিংকডিন](#)

তবে ২৮ জুলাই প্রকাশিত বরিশাল শিক্ষা বোর্ডের লালমোহন সরকারি মডেল মাধ্যমিক বিদ্যালয়ের ফলাফল শিটে দেখা যায় প্রভাত ৪.৭২ পেয়ে এ গ্রেডে উত্তীর্ণ হয়েছে।

এ বিষয়ে প্রভাতের পরীক্ষার কেন্দ্র সচিব লালমোহন বালিকা মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মাসুমা খানম বলেন, আমরা পরবর্তী ব্যবহারিক পরীক্ষায় অনুপস্থিত দেখিয়েছিলাম, পরে কী হয়েছে আমাদের জানা নেই।

লালমোহন উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মো. রফিকুল ইসলাম জানান, নিয়মানুযায়ী ব্যবহারিক পরীক্ষায় অনুপস্থিত থাকলে ওই শিক্ষার্থী ফেল থাকবে। ব্যবহারিক পরীক্ষাও মূল পরীক্ষার অংশ। প্রভাতের পাস কিভাবে আসলো তা সংশ্লিষ্ট বিদ্যালয় বলতে পারবে।

এ বিষয়ে বরিশাল শিক্ষা বোর্ডের চেয়ারম্যান প্রফেসর আব্বাস উদ্দিন খান বলেন, যাচাই বাছাই না করে কিছু বলতে পারব না।

তবে বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক অরুণ কুমার গাইন জানান, ব্যবহারিক পরীক্ষায় অনুপস্থিত থাকলে পাস করার কোনো সুযোগ নেই। তার নম্বর কিভাবে এলো তা আমরা খতিয়ে দেখব।

সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৩০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্বাধিকার সংরক্ষিত

এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।

Developed by [The Daily Jugantor](#) © 2023

